

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচী

"পল্লী ভবন"

৫, কাওরান বাজার, ঢাকা।

Ph.02-8180035

Email.padabik@gmail.com

Website.www.rpad.brdb@gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০১.১৪.৫৭০.১৪. ১৪৪

তারিখঃ ২০, ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
০৪, মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ সমাপ্ত আর, ডি-৯ প্রকল্প এলাকায় প্রকল্পের সুফলভোগীদের রোপিত গাছ বিক্রয়/নিলামে দেয়ার কমিটি গঠন।
সূত্রঃ ডিডি, রংপুর এর স্মারক নং-৪৭.৬২.৮৫০০.৮৩৮.১৬.২৩৪.১১.০১৬২ তারিখঃ ১১/০২/১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র অনুসরণে জানানো যাচ্ছে যে, মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক জারীকৃত স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০১.৩০৯.২০০২.১৬০ তারিখঃ ২৩/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক পদাবিকৃত সমাপ্ত আর, ডি-৯ প্রকল্পের সদস্যগণ কর্তৃক ইউনিয়ন ফেডারেশন ভবন সংলগ্ন ইউনিয়ন/উপজেলা/জেলা পরিষদের রাস্তার উভয় পার্শ্বে রোপিত গাছসমূহ বিক্রয় ও কর্তনের নিমিত্তে স্থানীয় চুক্তিনামা ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয় এর গাছ বিক্রি ও কর্তন ম্যানুয়ালের অনুচ্ছেদ নং-৭ 'এ' উল্লিখিত গাছ বিক্রয় লব্ধ অর্থের হিস্যা পদ্ধতি অনুসরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

২। এছাড়া ইউনিয়ন/উপজেলা/জেলা পরিষদের রাস্তায় এবং ফেডারেশন ভবন সংলগ্ন সমাপ্ত আর, ডি-৯ প্রকল্পের সুবিধাভোগীদের লাগানো গাছগুলো বিক্রয়/নিলামের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

(১)	উপপরিচালক, বিআরডিবি জেলা দপ্তর	সভাপতি
(২)	উপজেলা নির্বাহী অফিসার বা তাঁর প্রতিনিধি	সদস্য
(৩)	উপজেলা কৃষি অফিসার	সদস্য
(৪)	উপজেলা প্রকৌশলী	সদস্য
(৫)	বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা	সদস্য
(৬)	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	সদস্য
(৭)	বনায়ন স্কিমের সাথে সংশ্লিষ্ট দলের ম্যানেজার/সভাপতি	সদস্য
(৮)	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সদস্য সচিব

৩। এমতাবস্থায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বন ও পরিবেশ মন্ত্রণালয়ের গাছ বিক্রি ও কর্তন ম্যানুয়াল অনুসরণে সমাপ্ত আর, ডি-৯ প্রকল্প এলাকায় ইউনিয়ন/উপজেলা/জেলা পরিষদের রাস্তার উভয় পার্শ্বে এবং ফেডারেশন ভবন সংলগ্ন প্রকল্পের সুফলভোগী কর্তৃক লাগানো গাছগুলোর বর্ণিত কমিটির মাধ্যমে বিক্রয়/নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া ইতোমধ্যে মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক জারীকৃত স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০১.৩০৯.২০০২.১৬০ তারিখঃ ২৩/০৪/২০১৪খ্রিঃ এর নির্দেশনা অনুসরণে গাছ বিক্রয় লব্ধ অর্থের হিস্যা বিভাজন করার জন্য অনুরোধ করা হলো।

মুহম্মদ ইউদুদউর রশীদ সফদার
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

১। প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, -----।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা,
-----।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০১.১৪.৫৭০.১৪. ১৪৪

তারিখঃ ২০, ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
০৪, মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। জেলা প্রশাসক, -----।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৩। উপপরিচালক, বিআরডিবি জেলা দপ্তর, -----।
- ৪। উপজেলা কৃষি কর্মকর্তা-----।
- ৫। উপজেলা প্রকৌশলী, -----।
- ৬। বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা-----।
- ৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-----।
- ৮। পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা(পরিচালক(প্রশাসন) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ,-----।
- ১০। বনায়ন স্কিমের সাথে সংশ্লিষ্ট দলের ম্যানেজার/সভাপতি,-----।

এ.কে.এম.শফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক(পদাবিক)